

া পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৪. ২০. ৮. ঈশ্বর দুষ্ট আত্মা পাঠিয়ে তালুতকে বিপথগামী করলেন

ঈশ্বর এখানেই ক্ষান্ত হলেন না। বাইবেলের বর্ণনায় জানা যায় যে, তালুত অত্যন্ত বিনয়ী, ঈশ্বর-অনুরক্ত ও ভাল হৃদয়ের অধিকারী ছিলেন। কিন্তু ঈশ্বর নিজের পক্ষ থেকে মন্দ আত্মা, অপবিত্র আত্মা বা নাপাক রূহ পাঠিয়ে ইচ্ছার বাইরে তালুতকে বিভিন্ন অন্যায় ও পাপে লিপ্ত হতে বাধ্য করেন। আমরা ইতোপূর্বে ঈশ্বর বিষয়ক অশোভনীয়তা প্রসঙ্গে 'বাইবেলীয় ঈশ্বরের মন্দ আত্মা' অনুচ্ছেদে বিষয়টা দেখেছি। আমরা দেখেছি যে, মন্দ আত্মা বা নাপাক রূহের প্রেরণায় বাধ্য হয়ে তালুত দাউদকে হত্যা করতে চেষ্টা করেন। এ চেষ্টা থেকেই ক্রমাম্বয়ে তিনি অনেক গণহত্যা করেন এবং নিজেও নির্মাভাবে নিহত হন। ১ শামুয়েল পুস্তকের ১৮ অধ্যায় থেকে ৩১ অধ্যায়, বিশেষত ১৮ ও ৩১ অধ্যায় পড়লে পাঠক বিস্তারিত জানবেন।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=14582

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন